



কাউখালী বালিকা উচ্চ বিদ্যালয় KAWKHALI GIRLS HIGH SCHOOL

ডাকঘর : করমপতি, উপজেলা : কাউখালী, জেলা : রাঙ্গামাটি পার্বত্য জেলা।
এম.পি.ও. কোড- ০৪০৬০৪১২০১, EIIN: 107707, বিদ্যালয় কোড- ৪৮৩০

স্মারক নং -

তারিখ :

০১

১১

২০২০

“নোটিশ”

কাউখালী বালিকা উচ্চ বিদ্যালয় এর ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির ১ম সপ্তাহের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত (০১-১১-২০২০খ্রিঃ থেকে ০৮-১১-২০২০খ্রিঃ) পর্যন্ত অ্যাসাইনমেন্ট দেয়া হল। নির্ধারিত তারিখে অভিভাবক ও তাহার প্রতিনিধির মাধ্যমে অফিস চলাকালিন সময়ে বিষয় ভিত্তিক শিক্ষকের নিকট অথবা বিদ্যালয়ের ওয়েব সাইট হতে নির্ধারিত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করার নির্দেশ দেওয়া গেল। পূর্ববর্তী সপ্তাহের অ্যাসাইনমেন্ট, পরবর্তী সপ্তাহের অ্যাসাইনমেন্ট সংগ্রহ করার সময় জমা দিতে হবে।

❖ শিক্ষার্থী ও অভিভাবকদের আবশ্যিকভাবে করণীয়ঃ

- প্রতি সপ্তাহের জন্য অ্যাসাইনমেন্ট (একক কাজ) বিদ্যালয় কর্তৃক ঘোষিত নির্ধারিত ০১/১১/২০২০খ্রি. তারিখেই গ্রহণ ও ০৮/১১/২০২০ খ্রি. জমা প্রদান করতে হবে।
- স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রাখার পূর্বশর্ত হিসাবে অ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমা দানের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থী ও তাদের সহপাঠী, অভিভাবক/অভিভাবকের সহায়তাকারী প্রতিনিধি এক বা একাধিক শিক্ষার্থীকে সহযোগিতার কাজে অংশ নিতে পারবে।
- শিক্ষার্থীরা সাদা কাগজে (একই সাইজের) স্ব-হস্তে লিখিত অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে, অন্যের লেখা নকল করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল করা হবে এবং সেই অ্যাসাইনমেন্ট পুনঃরায় জমা দিতে হবে।
- অ্যাসাইনমেন্ট কভার পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল, বিষয় এবং অ্যাসাইনমেন্ট শিরোনাম লিখতে হবে।
- অভিভাবকগণকে শিক্ষার্থীদের এ কাজে পূর্ণাঙ্গ সহযোগিতা করতে হবে।
- প্রথম সপ্তাহে শিক্ষার্থীরা বিদ্যালয়ের ওয়েব সাইট ও বিদ্যালয়ের ফেইজবুক পেইজে আপলোডকৃত অ্যাসাইনমেন্ট ডাউনলোড করে নির্ধারিত কাজ তৈরী করবে। তবে ২য় সপ্তাহ থেকে বিদ্যালয়ের ওয়েব সাইট ও বিদ্যালয়ের ফেইজবুক পেইজের পাশাপাশি বিদ্যালয়ের নোটিশ বোর্ড থেকে/ বিষয় ভিত্তিক শিক্ষকগণদের কাছ থেকেও সংগ্রহ (নির্ধারিত বিষয়ের অ্যাসাইনমেন্ট লিখে নিয়ে) করে অ্যাসাইনমেন্ট তৈরী করতে পারবে।
- তৈরী অ্যাসাইনমেন্ট নির্ধারিত সূচী মোতাবেক সামাজিক দূরত্ব বজায় রেখে, বিষয় ভিত্তিক শিক্ষকদের নিকট জমা দিতে হবে।

মোহাম্মদ আবদুল কাদের

ইনভেন্ট্রি নং-৪৪২৪২৫
প্রধান শিক্ষক
কাউখালী বালিকা উচ্চ বিদ্যালয়
কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
স্মারক নং-০১৮১৬১২৪৮২০